জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৭.০০.০০.০০১.২০১২-১১৮৩ তারিখ : ১০ সেপ্টেম্বর, ২০১৫।

বিষয়: জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালীন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জনের উপর প্রচারণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত বিশেষ সভার রেকর্ড অব ডিসকাশনস।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়-এর স্মারক নং-০৩.০৭৬.০৩৯.১৯.০০.০১২.২০১৫-২১০; তারিখ: ২৬ আগস্ট, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি (সংলগ্নীসহ) এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালীন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জনের উপর প্রচারণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত বিশেষ সভার রেকর্ড অব ডিসকাশনস এর অনুচ্ছেদ ৬ অনুযায়ী উন্নয়ন মেলার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে উক্ত মেলা আয়োজন করার জন্য প্রতিটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে এতদ্‌সংক্রান্ত বিধি বিধান, পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুসরণ করে ২০,০০০/-(বিশ হাজার) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন দেয়া হলো।

সংযুক্তি : (০৩)........... পাতা।

১০.০৯.২০১৫
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

০১। চেয়ারম্যান (সকল)
.... উপজেলা পরিষদ, ...জেলা।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
...........................উপজেলা,................জেলা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব মোঃ নুরুল ইসলাম, পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩। সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও কাউন্সিল অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
০৪। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
০৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৬.০৩৯.১৯.০০.০১২.২০১৫- ২৯০

তারিখ ২৬ আগস্ট ২০১৫

বিষয় : **জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালীন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জনের উপর প্রচারণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত বিশেষ সভার রেকর্ড অব ডিসকাশনস্।**

উপর্যুক্ত বিষয়ে গত ২০ আগস্ট ২০১৫ তারিখ সকাল ০৯:৩০ টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালীন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জনের উপর প্রচারণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার রেকর্ড অব ডিসকাশনস পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(মো: নুরুল ইসলাম)
পরিচালক
☎ ৯১৩৭৩৭১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯। মহাপরিচালক-৪ ও প্রকল্প পরিচালক-A2i, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১০। মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

অনুলিপি:

১। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। পরিচালক(প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ৪৫০
তারিখ:
স্বাক্ষর
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/ জেপ

E:dir9/Foreign Letter-2014/23/2/15

২৫০

প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালীন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জনের উপর প্রচারণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত বিশেষ সভার রেকর্ড অব ডিসকাশনস

সভাপতি	:	মো: আবুল কালাম আজাদ, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
তারিখ ও সময়	:	২০ আগষ্ট ২০১৫, সকাল ০৯:৩০ টা
স্থান	:	প্রধানমন্ত্রীর কার্যালয় সভাকক্ষ (২য় তলা)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অন্যান্যের মধ্যে অর্থ বিভাগের সিনিয়র সচিবসহ সংশ্লিষ্টগণ উপস্থিত ছিলেন। এ সংক্রান্তে বিগত ১৬ জুলাই ২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার অনুবৃত্তিক্রমে অনুষ্ঠিত এ সভায় খসড়া কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয় :

ক্র.	কর্মসূচী	বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ
১।	MDG অর্জন ভিত্তিক প্রকাশনা হালনাগাদ তথ্যের সমন্বয়ে প্রকাশের উদ্যোগ গ্রহণ।	• সাধারণ অর্থনীতি বিভাগ প্রকাশনার ব্যবস্থা করবে। • পররাষ্ট্র মন্ত্রণালয় UNGA চলাকালীন প্রকাশনাসমূহ সংশ্লিষ্টদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে।
২।	ক. জাতিসংঘের সাধারণ পরিষদের উচ্চ পর্যায়ের অধিবেশনকালে জাতিসংঘ সদর দপ্তরে Moving from MDGs to SDGs: Bangladesh Experience and Expectations শীর্ষক অনুষ্ঠানের আয়োজন। খ. যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি আন্তর্জাতিক পত্রিকায় বাংলাদেশের সাফল্য ও অর্জন তুলে ধরে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ। গ. নিউইয়র্ক ভিত্তিক বাংলা পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ ঘ. জাতিসংঘের সাধারণ পরিষদের উচ্চ পর্যায়ের অধিবেশনকালে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় উপস্থিতিতে প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে আয়োজিতব্য বিশেষ অনুষ্ঠানে এ বিষয়ে প্রচারণার উদ্যোগ গ্রহণ। ঙ. জাতিসংঘের সাধারণ পরিষদের উচ্চ পর্যায়ের অধিবেশনের আগে সেপ্টেম্বরের ২য় সপ্তাহে ঢাকায় BIIS এর সহযোগিতায় Bangladesh in the UN: New Realities and Opportunities শীর্ষক একটি সেমিনারের আয়োজন।	• পররাষ্ট্র মন্ত্রণালয় • তথ্য মন্ত্রণালয় • অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সংস্থান করবে।
৩।	অর্থ বিভাগ ২০০১-২০০৬ সময়কালীন অর্থনৈতিক তথ্যের সাথে বর্তমান সরকারের বিগত মেয়াদের তথ্যের তুলনামূলক অবস্থান সাধারণ মানুষের বুঝার উপযোগী করে গ্রাফ/চার্টের মাধ্যমে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে এবং তথ্য মন্ত্রণালয় তা ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করবে।	• অর্থ বিভাগ • তথ্য মন্ত্রণালয়
৪।	MDG অর্জনের সাথে সম্পৃক্ত মন্ত্রণালয়/বিভাগকে চিহ্নিত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবদের সাথে মুখ্য সচিব মহোদয়ের Video Conference এর আয়োজন করতে হবে।	• প্রধানমন্ত্রীর কার্যালয়/সংশ্লিষ্ট মন্ত্রণালয়
৫।	CRI এর সহায়তায় MDG অর্জন ভিত্তিক ৫-৬মিনিটের একটি আকর্ষনীয় Video প্রস্তুত করে তা প্রচার মাধ্যমে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে।	• প্রেস উইং, প্রধানমন্ত্রীর কার্যালয়/CRI, তথ্য মন্ত্রণালয়।
৬।	MDG অর্জনের মাধ্যমে নিম্ন-মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ায় বিষয়টি জনগণের মাঝে ব্যাপক প্রচারের নিমিত্ত জেলা ও উপজেলায় 'উন্নয়ন	• মন্ত্রী পরিষদ বিভাগ/স্থানীয় সরকার বিভাগ।

282

	মেলা'র আয়োজন করতে হবে। উন্নয়ন মেলার রূপরেখার নিম্নরূপ হতে পারে : উন্নয়ন মেলার কর্মসূচি ✓ ৩ দিন ব্যাপী মেলা অনুষ্ঠান ✓ উদ্বোধনী দিনে শোভাযাত্রার ব্যবস্থা গ্রহণ ✓ MDG সংশ্লিষ্ট মন্ত্রণালয় উন্নয়ন সংক্রান্ত Audio/Video এর সমন্বয়ে বর্তমান সরকার বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগগুলো তুলে ধরা (Branding Sheikh Hasina); ✓ তথ্য মন্ত্রণালয় বিশেষ ভিডিও/প্রমান্য চিত্র প্রচারের উদ্যোগ গ্রহণ; ✓ শিক্ষার্থীদের অংশগ্রহণে MDG অর্জন সংক্রান্ত Reality Show এর আয়োজন; ✓ মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলিত হয় এরূপ সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্বল্প পরিষরে আলোচনা সভা আয়োজন; বাজেট/ব্যয় নির্বাহ : ✓ জেলা পর্যায়ে আয়োজনের ব্যয় নির্বাহের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয় আংশিক বরাদ্দ দিতে পারে এবং অবশিষ্ট স্থানীয় অংশগ্রহণ । জেলা পর্যায়ে জেলা পরিষদও অংশগ্রহণ করতে পারে। ✓ উপজেলা পর্যায় উপজেলার ব্যয় নির্বাহের ক্ষেত্রে উপজেলা রাজস্ব তহবিল/উন্নয়ন বাজেট থেকে বরাদ্দ গ্রহণ এবং স্থানীয় অংশগ্রহণ। ✓ জেলা পরিষদ এবং উপজেলা রাজস্ব তহবিল/উন্নয়ন বাজেট হতে ব্যয় নির্বাহের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ থেকে পরিপত্র জারী করা যেতে পারে। ✓ একটি বাড়ি একটি খামার প্রকল্পে বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রতি উপজেলার জন্য ১০,০০০/=(দশ হাজার) টাকা করে বরাদ্দ করবে। ✓ A2i প্রকল্পে বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রতি উপজেলার জন্য ২০,০০০/=(বিশ হাজার) টাকা করে বরাদ্দ করবে। মেলার সম্ভাব্য সময় : ✓ জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ভ্রমণের সাথে সামঞ্জস্য রেখে ২৭-৩০ সেপ্টে: ২০১৫ তারিখের মধ্যে আয়োজন করা যেতে পারে।	• মন্ত্রী পরিষদ বিভাগ সমন্বয়কের দায়িত্ব পালন করবে। • প্রয়োজনে A2i এর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।
৭।	প্রস্তাবিত কর্মসূচির সাথে গণমাধ্যমে প্রচার এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের সম্পৃক্ততা থাকায় গণমাধ্যম পরিবীক্ষণ সংক্রান্ত ও ফেইস বুক সংক্রান্তে পুনরায় বিশেষ সভার আয়োজন করতে হবে।	• প্রেস উইং, প্রধানমন্ত্রীর কার্যালয়। (দৃষ্টি আকর্ষণ: ১। জনাব নজরুল ইসলাম, উপ-প্রেস সচিব ২। জনাব আশরাফুল আলম খোকন, উপ প্রেস সচিব) • তথ্য মন্ত্রণালয় • আইসিটি বিভাগ

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(মো: আবুল কালাম আজাদ)
মুখ্য সচিব